

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবি ফার্মেসী বিভাগের আয়োজনে ফেয়ারওয়েল অরিয়েন্টেশন অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ফার্মেসী বিভাগের আয়োজনে ফেয়ারওয়েল অরিয়েন্টেশন ও পিকনিক অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (১৭ ডিসেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, বিশ্ববিদ্যালয়ের পুরাতন বিভাগ হিসেবে ফার্মেসী বিভাগ থেকে যারা পাশ করে তারা সমাজের ঔষধ সেক্টর সহ অন্যান্য সেক্টরে যে অবদান রাখে তা অনস্বীকার্য। আমি বিশ্বাস করি ঢাকা বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য বিশ্ববিদ্যালয়গুলোর সাথে নোবিপ্রবির ছাত্র-ছাত্রীরা অনেকটা প্রতিযোগিতা করেই চাকরি করছে। আমরা যদি তাদেরকে সুযোগ-সুবিধা আরো বৃদ্ধি করে দিতে পারি তাহলে এই প্রতিযোগিতার ক্ষেত্রে তারা আরো বেশী ভালো করবে।

এসময় শিক্ষার্থীদের উদ্দেশ্য করে তিনি বলেন, নবীন শিক্ষার্থী যারা আছো মনোরম এ ক্যাম্পাসে তোমাদেরকে স্বাগতম। ক্যাম্পাসে অনেক সুন্দর পরিবেশ আছে এবং এ পরিবেশে যদি তোমরা তোমরাদের মেধা এবং সৃজনশীলতাকে বিকশিত করতে পারো তাহলে তোমাদের জীবনে তা কল্যাণ বয়ে নিয়ে আসবে। আর যারা প্রবীণ হয়ে এই বিশ্ববিদ্যালয় ছেড়ে যাচ্ছে তাদের প্রতি অনুরোধ তোমরা জানো যে আমরা একটা সেন্ট্রাল এলামনাই এসোসিয়েশন করার সিদ্ধান্ত নিয়েছি এবং তাতে তোমরা যুক্ত হবে। আমরা চেষ্টা করবো এলামনাইদের সহযোগিতায় অত্র বিশ্ববিদ্যালয়কে যেনো এগিয়ে নিয়ে যেতে পারি।

নোবিপ্রবির ফার্মেসী বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আ ফ ম শহীদ-উদ-দৌলার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ, রিসার্চ সেলের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম। অনুষ্ঠানে ফার্মেসী বিভাগের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪